

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
পাট, বস্ত্র ও বেপজা উইং  
[www.plancom.gov.bd](http://www.plancom.gov.bd)

নং- ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০১১.২০১৭-৩৭

তারিখঃ ২ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০১৭ খ্রি:


**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার বিজ্ঞপ্তি।**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য জনাব শামীমা নাগিস এর সভাপতিত্বে পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ- ৩-৪) বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিম্নোক্ত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থায়নের উৎস	তারিখ, সময় ও ভেন্যু	মন্ত্রণালয়/সংস্থা
০১।	বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ।	সম্পূর্ণ জিওবি অনুদান	২৭/১১/২০১৭ খ্রি: (সোমবার) সকাল ১১:০০ মিনিট পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ- ৩-৪)	বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ বাংলাদেশ তাঁত বোর্ড

০২। সভার কার্যপত্র ও প্রস্তাবিত ডিপিপি (প্রতিটি ১ প্রস্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: সালাহউদ্দিন আহাম্মদ  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯১১৭৩৩১  
sahmedmk@yahoo.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং..... তারিখ.....
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। উপ সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ প্রস্তুত রাখা এবং ২৫ জনের আপ্যায়নের ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
পাট, বস্ত্র ও বেপজা উইং  
[www.plancom.gov.bd](http://www.plancom.gov.bd)

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।

- ১। প্রকল্পের নামঃ বাংলাদেশ জাত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ।
- ২। ক) উদ্যোগী মন্ত্রণালয়ঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয়।  
খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ জাত বোর্ড।
- ৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়):

মোট	৪৫.৭৫
জিওবি	৪৫.৭৫
প্রকল্প সাহায্য	-

- ৪। প্রকল্পের অর্থায়ন ও উৎস (কোটি টাকায়): সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অনুদান।

অর্থায়নের ধরন	জিওবি	প্রকল্প সাহায্য (ডিপিএ)	মোট	অর্থায়নের উৎস
ঋণ	-	-	-	বাংলাদেশ সরকার
অনুদান	৪৫.৭৫	-	৪৫.৭৫	
ইকুইটি	-	-	-	
অন্যান্য	-	-	-	
মোট	৪৫.৭৫	-	৪৫.৭৫	

- ৫। জিওবি অর্থের উৎস ও ডিপিপি অনুযায়ী বছর ভিত্তিক বরাদ্দ চাহিদা (কোটি টাকায়):

বছরভিত্তিক জিওবি অর্থের চাহিদা		প্রয়োজনীয় জিওবি অর্থের উৎস
অর্থ বছর	পরিমাণ	
বছর-১ (২০১৭-২০১৮)	১.০২৪১	বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)
বছর-২ (২০১৮-২০১৯)	৫.৫২৫৫	
বছর-৩ (২০১৯-২০২০)	১৭.৩৮৭৩	
বছর-৪ (২০২০-২০২১)	২১.৮১৩১	
মোট=	৪৫.৭৫০০	

- ৬। প্রকল্পের বাস্তবায়নকালঃ জুলাই ২০১৭ হতে জুন ২০২১।

- ৭। প্রকল্প এলাকাঃ

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
ঢাকা	নরসিংদী	নরসিংদী সদর

৮। চলতি (২০১৭-২০১৮) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্তি ও বরাদ্দ/চাহিদাঃ

প্রস্তাবিত প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (এডিপি'র পৃষ্ঠা নং-৭৩৩; ক্রমিক নং-৩৫০)।

৯। প্রকল্পের উদ্দেশ্যঃ

- বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে চলমান ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স যুগোপযোগীকরণ;
- অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ; এবং
- প্রতি বছর ১০০ জন ছাত্র-ছাত্রীকে ডিপ্লোমা ডিগ্রি প্রদান।

১০। প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি এবং মূল কার্যক্রমঃ

১০.১। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

তাঁতিদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ সুবিধাদি প্রদান করা বাংলাদেশ তাঁত বোর্ডের অন্যতম প্রধান কাজ। এই উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক দেশব্যাপী ৪টি প্রশিক্ষণ কেন্দ্র যথাঃ (১) বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী, (২) তাঁত প্রশিক্ষণ উপকেন্দ্র, বেড়া, পাবনা, (৩) তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর এবং (৪) মনিপুরী তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট স্থাপন করা হয়েছে। হস্তচালিত তাঁত বস্ত্র ও সরঞ্জামাদি উন্নয়ন কেন্দ্র (CHPED)-নরসিংদী এবং তাঁত প্রশিক্ষণ ও প্রযুক্তিগত উন্নয়ন, বেড়া, পাবনা একত্রিত হয়ে ২০০৯ সালে বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী নামে আত্মপ্রকাশ করে।

বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী-তে ২০০৯ সালে ২ (দুই) বছর মেয়াদী এইচ.এস.সি (ভোকেশনাল) কোর্স এবং ২০১০ সালে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল কোর্স চালু হয়। কোনরকম ভবন সুবিধাদি বৃদ্ধি ব্যতিরেকেই নরসিংদীতে অবস্থিত বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর বিদ্যমান ভবনে মাত্র ২০ জন শিক্ষার্থীর একসঙ্গে ক্লাস করার সুযোগ থাকলেও ডিপ্লোমা কোর্স চালু করার কারণে ৮৪ জন শিক্ষার্থীকে একসঙ্গে বসে ক্লাস করতে হয়। এছাড়া প্রশিক্ষণ এবং ডিপ্লোমা কোর্স যুগপৎ চলায় শ্রেণি কক্ষের সংকট সৃষ্টি হয়েছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ম অনুসারে ডিপ্লোমা কোর্স পরিচালনার জন্য আধুনিক ও সুসজ্জিত ব্যবহারিক ল্যাব/শেড থাকা আবশ্যিক। কিন্তু এ ইনস্টিটিউটের ব্যবহারিক ল্যাবের বিদ্যমান যন্ত্রপাতিসমূহ ডিপ্লোমা কোর্স পরিচালনার জন্য অপ্রতুল। অপ্রশস্ত শ্রেণিকক্ষের কারণে বিদ্যমান ভবনের কাঠামোগত এবং ব্যবহারিক ক্লাসের সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ম অনুযায়ী ডিপ্লোমা কোর্সে পরিচালনার জন্য এ ইনস্টিটিউটে প্রয়োজনীয় সংখ্যক কারিগরি জ্ঞানসম্পন্ন শিক্ষক এবং নন-টেকনিক্যাল ও নন-টেক্সটাইল শিক্ষকের অভাব রয়েছে-যা থাকা আবশ্যিক। এছাড়া পর্যাপ্ত পরিমাণ প্রয়োজনীয় বইসহ একটি সুসজ্জিত লাইব্রেরি থাকা প্রয়োজন। খন্ডকালীন শিক্ষকের মাধ্যমে পাঠদান করায় শিক্ষার্থীরা উন্নত শিক্ষা লাভের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা অপর্যাপ্ত এবং বিদ্যমান লাইব্রেরিটি অত্যন্ত ছোট পরিসরের ও প্রয়োজনীয় বইয়ের সংখ্যাও কম।

তাঁতি ও তাঁতি পরিবারের সদস্যদের এই ইনস্টিটিউটে ভর্তির ক্ষেত্রে ১০% কোটা সুবিধা প্রদান করা হয়ে থাকে যা তাঁতিদের জন্য অন্য যেকোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে একটি ব্যতিক্রম। নরসিংদী'র বিদ্যমান ডিপ্লোমা-ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স এবং ভবনের আধুনিকীকরণ ও সম্প্রসারণের মাধ্যমে তাঁতি ও তাঁতি পরিবারের সদস্যদের জন্য তাঁত সংশ্লিষ্ট উন্নত কারিগরি শিক্ষার সুযোগ-সুবিধাদি বৃদ্ধির মাধ্যমে অধিক হারে দক্ষ তাঁতি তৈরি, হস্তচালিত তাঁত খাতের সম্প্রসারণ, তাঁত বস্ত্রের মানোন্নয়ন, আধুনিক ও উন্নত ডিজাইনসহ তাঁত বস্ত্রের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পটি গ্রহণের প্রস্তাব করা হয়েছে।



১০.২। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- অফিস ভবন নির্মাণ (৬-তলা ভিতের ওপর ৪৬২১.৫০ বঃমিঃ বিশিষ্ট ৬-তলা ভবন);
- মহিলা হোস্টেল নির্মাণ (৩-তলা ভিতের ওপর ১০৯৪.০৫ বঃমিঃ বিশিষ্ট ৩-তলা ভবন);
- অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণঃ
  - মাল্টিপারপাস হল এবং অডিটোরিয়াম নির্মাণ (১৭৬৯.০০ বঃমিঃ)
- ১টি মাইক্রোবাস ক্রয়;
- যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়: ২১৩৮টি বিভিন্ন ধরনের;
- অফিস সরঞ্জামাদি ক্রয়: ১১৯টি বিভিন্ন ধরনের;
- আসবাবপত্র ক্রয়: ২২৪৫টি বিভিন্ন ধরনের;
- সবুজায়ন/আরবরি কালচার; এবং
- জনবল নিয়োগ: ৫ জন;

১১। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ সংযোজনী 'ক' দ্রষ্টব্য।


১২। প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণঃ প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে নরসিংদীতে বিদ্যমান বাংলাদেশ তীত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটে বর্তমানে চলমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ করা হবে বিধায় আয়-ব্যয় বিশ্লেষণ করা হয়নি।

১৩.০। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামতঃ

- ১৩.১। প্রকল্পের ব্যবস্থাপনা (ডিপিপি'র পৃষ্ঠা-৬; অনুচ্ছেদ: ১১ ও পৃষ্ঠা-২৩) সংক্রান্ত বর্ণনা আরো সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হওয়া আবশ্যিক।
- ১৩.২। প্রকল্পের আওতায় 'পিডব্লিউডি রেন্ট সিডিউল-২০১৪' অনুসরণে ৬-তলা বিশিষ্ট একডেমিক ভবন ও ৩ তলা বিশিষ্ট হোস্টেল ভবন সুপার ক্যাটাগরীতে নির্মাণের প্রস্তাব করা হয়েছে। এ ভবন দুটি স্ট্যান্ডার্ড ক্যাটাগরীতে নির্মাণ করা হলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে কোন ব্যাঘাত সৃষ্টি না করেই যথেষ্ট পরিমাণ আর্থিক সাশ্রয় হতে পারে প্রতীয়মান হয়। এক্ষেত্রে উপযুক্ত ভবন ক্যাটেগরী এবং যৌক্তিকভাবে ব্যয় নির্ধারণের বিষয়ে পিইসি সভায় আলোচনা করা যেতে পারে।
- ১৩.৩। অন্যান্য ভবন ও অবকাঠামো (পৃষ্ঠা-৩২, কোড নং-৭০১৬) এর আওতায় ১৭৬৯ বর্গ মিটার বিশিষ্ট মাল্টিপারপাস হল ও অডিটোরিয়াম নির্মাণের জন্য ৫৭১.২০ লক্ষ টাকা প্রাক্কলন করা হলেও 'পিডব্লিউডি রেন্ট সিডিউল-২০১৪' অনুসরণে এ অবকাঠামোর ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন ডিপিপি'তে সংযুক্ত করা হয়নি- যা করা বাঞ্ছনীয়।
- ১৩.৪। ডিপিপি-তে উল্লিখিত প্রকল্প এলাকা ভিত্তিক ব্যয় বিভাজন অংশে (পৃষ্ঠা-২১, সংযোজনী-০১) ১৭৬৯ বর্গ মিটার বিশিষ্ট মাল্টিপারপাস হল ও অডিটোরিয়াম এর অতিরিক্ত অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণের বিষয়ে উল্লেখ করা হয়েছে, যা সংযোজনী-৫(ক) (ডিপিপি'র পৃষ্ঠা ৩১-৩২) এ উল্লিখিত প্রাক্কলিত ব্যয়ের বিস্তারিত বিবরণীর সঙ্গে সংগতিপূর্ণ নয়। এ বিষয়টি বন্দ্র ও পাট মন্ত্রণালয়ের পক্ষ হতে পিইসি সভায় স্পষ্ট করা যেতে পারে।
- ১৩.৫। নিম্নোক্ত অঞ্জোর/উপাঞ্জোর প্রাক্কলিত ব্যয় প্রয়োজনাতিরিক্ত প্রতীয়মান হয়। এ সকল অঞ্জোর/উপাঞ্জোর ব্যয় হাস করা সমীচীন :
  - মৃত্তিকা পরীক্ষার লক্ষ্যে ২৪টি বোরিং এর জন্য ব্যয় প্রাক্কলন করা হয়েছে ৩,৯২,৭৩৬ টাকা; অর্থাৎ প্রতিটি বোর-হালের জন্য ১৬,৩৬৪ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। এছাড়া এ বোর-হোল কত গভীরে করা হবে তা ডিপিপি-তে উল্লেখ করা হয়নি;
  - ডিপিপি'র মূল অংশ (পৃষ্ঠা- ৩) এবং সংযোজনী-৫(ক) (পৃষ্ঠা ৩১-৩২) এ প্রস্তাবিত প্রকল্পের আওতায় ৪০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি মাইক্রোবাস ক্রয়ের সংস্থান রাখা সত্ত্বেও উক্ত অংশদ্বয়ে কোন প্রকার উল্লেখ না করেই প্রকল্পের আওতায় পূর্ত নির্মাণ কাজের ইঞ্জিনিয়ারিং ব্যয় প্রাক্কলন অংশে বাংলাদেশ তীত বোর্ডের কর্মকর্তাগণ ও প্রকৌশলী কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শনের লক্ষ্যে ৩৬ মাসের জন্য একটি মাইক্রোবাস ভাড়া করা বাবদ ২১.৬০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়েছে (পৃষ্ঠা-১৪৬) যা সমীচীন নয়। তীত বোর্ডের কর্মকর্তাগণ ও প্রকৌশলী প্রকল্পের আওতায় যে মাইক্রোবাসে ক্রয় করা হবে তা দ্বারা প্রকল্প এলাকা পরিদর্শন কিংবা সরকারী নিয়মানুযায়ী ভ্রমণভাতা গ্রহণের সংস্থান রেখে প্রকল্প ব্যয় হাস করা যায়। এ কাজে ৩৬ মাসের জন্য মাইক্রোবাস ভাড়া করে রাখা সমীচীন নয়; এবং

- প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি-তে (পৃষ্ঠা-১৪৬) আরসিসি ডেন, ওভারহেড বৈদ্যুতিক লাইন, ক্যাম্পাস লাইটিং, পাম্প ও বোরিং এবং পানি সঞ্চালন লাইন ইত্যাদি কাজের জন্য প্রয়োজনতিরিক্ত ব্যয় প্রাক্কলন করা হয়েছে প্রতীয়মান হয়। এছাড়া ১৫ জন প্যাসেঞ্জার ধারণক্ষম ২টি লিফট এর জন্য ১.০০ কোটি টাকা ব্যয় প্রাক্কলন অতিরিক্ত প্রতীয়মান হয়। এ সকল অঙ্গের প্রাক্কলিত ব্যয়সমূহ যৌক্তিক ও সঙ্গতিপূর্ণ হলে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় হাস পেয়ে যৌক্তিক পর্যায়ে উপনীত হবে প্রতীয়মান হয়।

- ১৩.৬। প্রস্তাবিত প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সংগ্রহের জন্য কোন অর্থের সংস্থান প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনে লক্ষ্য করা যায়নি। এ বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় অবহিত করতে পারেন।
- ১৩.৭। প্রস্তাবিত প্রকল্পের আওতায় বিভিন্ন পূর্ত নির্মাণ কাজে ও যন্ত্রপাতি সংগ্রহের জন্য প্রণীত ক্রয় পরিকল্পনায় ছোট ছোট প্যাকেজে বিভক্ত করে ক্রয় কার্যক্রম পরিচালনার পরিকল্পনা ডিপিপি'তে লক্ষ্য করা যায়। ক্রয় পরিকল্পনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হতে পারে।
- ১৩.৮। প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত ৪ বছর প্রস্তাব করা হয়েছে। উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত বিদ্যমান পরিপত্রের অনুচ্ছেদ-১.১.৮ এ বলা হয়েছে যে, বিশেষ প্রকল্প ছাড়া সকল প্রকল্পের বাস্তবায়নকাল অনধিক ০৩ (তিন) বছরের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। এক্ষেত্রে প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়নকাল বিষয়ে পিইসি সভায় আলোচনা হতে পারে।
- ১৩.৯। প্রকল্পের আওতায় বিভিন্ন তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংগ্রহ খাতে ১৬.৬২ কোটি টাকার ব্যয় প্রাক্কলন করা হয়েছে। এ সকল যন্ত্রপাতির ব্যয় প্রাক্কলন যৌক্তিকভাবে নির্ধারণ করা হয়েছে কিনা তা উদ্যোগী মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় অবহিত করতে পারেন।
- ১৩.১০। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জন্য এ সেক্টর বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'তে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহের জন্য ২০.০০ কোটি টাকা থোক হিসাবে বরাদ্দ আছে। আলোচ্য প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ১.০২৪১ কোটি টাকা বরাদ্দ চাহিদা দেখানো হয়েছে (ডিপিপি'র পৃষ্ঠা নং-২)। আর প্রস্তাবিত ডিপিপি-তে সন্নিবেশিত মধ্যমেয়াদি বাজেট কাঠামো হকে আলোচ্য প্রকল্পটির জন্য ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট চাহিদা দেখানো হয়েছে ২.০০ কোটি টাকা। এ বিষয়টি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পক্ষ হতে স্পষ্ট করা আবশ্যিক।
- ৩.১১। প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি'র অন্যান্য ঘাটতি এবং অসামঞ্জস্যতা দূর করা বাঞ্ছনীয়, যেমন: ডিপিপি'র পৃষ্ঠা-১, অনুচ্ছেদ-৬.১, প্রকল্পের অর্থায়নের ধরন ও উৎসে টাকার হিসাব লক্ষ্য না কোটি টাকায় তা উল্লেখ করা হয়নি। এছাড়া প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ে 'সম্মানী (বিভিন্ন কমিটি'র)' (পৃষ্ঠা-৩১) এর পরিবর্তে 'সভার ব্যয়' উল্লেখ করা বাঞ্ছনীয়। ডিপিপি'র পৃষ্ঠা-১৮ ও ১৯, অনুচ্ছেদ-৩২ ও ৩৩ এ প্রকল্প স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটিসমূহের গঠনে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের নাম সঠিকভাবে উল্লেখ করা বাঞ্ছনীয়। এছাড়া যে সকল স্থানে পরিশিষ্ট ও সংযোজনীর রেফারেন্স উল্লেখ করা হয়েছে সে সকল স্থানে সংযোজনী ও পরিশিষ্টের পৃষ্ঠা নম্বর যথাযথভাবে উল্লেখ করা বাঞ্ছনীয়।
- ১৩.১২। প্রস্তাবিত প্রকল্পের আওতায় প্রকল্প সমাপ্তির পর ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বর্তমানে ইনস্টিটিউটে নিয়োজিত ৪৩ জন জনবলের অতিরিক্ত আরও ৮২ জন জনবলের পদ রাজস্ব বাজেটের আওতায় সৃজন ও সংরক্ষণের প্রস্তাব করা হয়েছে (ডিপিপি'র পৃষ্ঠা-৬; অনুচ্ছেদ-১৩.১ এবং পৃষ্ঠা- ৩৭-৩৮)। এছাড়া কেন্দ্র পরিচালনার লক্ষ্যে অতিরিক্ত জনবলের জন্য প্রতি বছর ২২৭.৭৮ লক্ষ টাকা প্রয়োজন হবে (ডিপিপি'র পৃষ্ঠা নং- ৩৭-৩৮)। গত ০১/০৮/২০১৭ খ্রি: তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত জনবল নির্ধারণ কমিটি'র সভায় প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে কোন জনবল সুপারিশ করেনি (ডিপিপি'র পৃষ্ঠা-১৫৩)। এ প্রেক্ষিতে প্রস্তাবিত ডিপিপি হতে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ের জনবলের তালিকা এবং এ সংক্রান্ত বক্তব্য বাদ দেয়া আবশ্যিক।

  
২৪/১১/২০১৭  
মোঃ মোশারফ হোসেন  
যুগ্ম-প্রধান

## প্রকল্পের প্রাক্কলিত অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন

(লক্ষ টাকায়)

ইকনমিক কোড	ইকনমিক সাব-কোড	ইকনমিক সাব-কোড বর্ণনা (বিস্তারিত)	একক	একক দর	পরিমাণ	জিওবি (বেদেশিক মুদ্রা)	নিজস্ব অর্থ (বেদেশিক মুদ্রা)	অন্যান্য	মোট	মোট প্রাক্কলিত ব্যয়ের (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
<b>(ক) রাজস্ব:</b>										
৪৫০০	কর্মকর্তাদের বেতনঃ									
	৪৫০১	কর্মকর্তাদের বেতন	জন		১	৩০.৫১			৩০.৫১	০.৬৭
৪৭০০	ভাতাদিঃ									
	৪৭০৫	বাড়ি ভাড়া ভাতা	জন		১	১৫.২৬			১৫.২৬	০.৩৩
	৪৭০৯	শ্রান্তি বিনোদন ভাতা	জন		১	১.২৭			১.২৭	০.০৩
	৪৭১৩	উৎসব ভাতা	জন		১	৫.৫৯			৫.৫৯	০.১২
	৪৭১৭	চিকিৎসা ভাতা	জন		১	০.৭২			০.৭২	০.০২
	৪৭৩৩	আপ্যায়ন ভাতা	জন		১	০.৪৮			০.৪৮	০.০১০
	৪৭৬১	ভ্রমণ ভাতা	জন		১	২.০০			২.০০	০.০৪
	৪৭৭৩	শিক্ষা সহায়ক ভাতা	জন		১	০.৪৮			০.৪৮	০.০১০
	৪৭৯৩	টেলিফোন (মোবাইল) ভাতা	জন		১	০.৪৮			০.৪৮	০.০১০
	৪৭৯৫	অন্যান্য ভাতা (গাড়ী রক্ষণাবেক্ষণসহ)	জন		১	৭.৫৬			৭.৫৬	০.১৭
মোট ভাতাদি =						৩৩.৮৪			৩৩.৮৪	০.৭৪
									০.০০	
৪৮০০	সরবরাহ ও সেবাঃ									
	৪৮০৬	প্রকল্প অফিস ভাড়াঃ (ক) ভাড়া (২৫ টাকা বর্গফুট হিসেবে ১০০০ বর্গফুট) : ১২.০০ (খ) ভ্যাট ১৫% : ১.৮০ (গ) অভ্যন্তরীণ ডিজাইন ও সাজসজ্জা : ১.২০ মোট (ক-গ) : ১৫.০০	মাস	০.২৯	৪৮	১৫.০০			১৫.০০	০.৩৩
	৪৮১৪	পৌর কর, পল্লি বিদ্যুৎ, তিতাস গ্যাস, বিটিসিএল ইত্যাদির বিল	থোক			৫.০০			৫.০০	০.১১
	৪৮১৬	টেলিফোন বিল	থোক			১.৫০			১.৫০	০.০৩
	৪৮১৭	ফ্যাক্স/ইন্টারনেট বিল	থোক			২.০০			২.০০	০.০৪
	৪৮১৯	পানি বিল	থোক			২.০০			২.০০	০.০৪
	৪৮২১	বিদ্যুৎ বিল	থোক			৬.০০			৬.০০	০.১৩
	৪৮২২	গ্যাস ও জ্বালানি	থোক			৯.০০			৯.০০	০.২০
	৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক			৩.০০			৩.০০	০.০৭
	৪৮২৭	মুদ্রণ	থোক			৩.০০			৩.০০	০.০৭
	৪৮২৮	মনোহারি	থোক			৬.০০			৬.০০	০.১৩
	৪৮৩৩	প্রকাশনা ও প্রচারণা	থোক			৮.০০			৮.০০	০.১৭
	৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক			৪.০০			৪.০০	০.০৯
	৪৮৮৩	সম্মানি (বিভিন্ন কমিটির)	থোক			১১.০০			১১.০০	০.২৪
	৪৮৮৫	মৃত্তিকা পরীক্ষা	বোরিং		২৪	৩.৯৩			৩.৯৩	০.০৯
	৪৮৮৬	ডিজিটাল সার্ভে	একর		৬.৫	০.৯৮			০.৯৮	০.০২
	৪৮৯০	ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্বোধন	থোক			৫.০০			৫.০০	০.১১
	৪৮৯৩	ভাড়া খাত (আউটসোর্সিং)	জন		৪	৩৩.২৪			৩৩.২৪	০.৭৩
	৪৮৯৯	অন্যান্য ব্যয়	থোক			৬.০০			৬.০০	০.১৩
মোট সরবরাহ ও সেবা =						১২৪.৬৫			১২৪.৬৫	২.৭২
৪৯০০	মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসনঃ									
	৪৯০১	গাড়ী মেরামত ও সংরক্ষণ	থোক			৪.০০			৪.০০	০.০৯
	৪৯১১	কম্পিউটার, সরঞ্জামাদি ও অন্যান্য	থোক			২.০০			২.০০	০.০৪
মোট মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন =						৬.০০			৬.০০	০.১৩
উপমোট-ক (রাজস্ব) =						১৯৫.০০			১৯৫.০০	৪.২৬

ইকনমিক কোড	ইকনমিক সাব-কোড	ইকনমিক সাব-কোড বর্ণনা (বিস্তারিত)	একক	একক দর	পরিমাণ	জিওবি (বৈদেশিক মুদ্রা)	নিজস্ব অর্থ (বৈদেশিক মুদ্রা)	অন্যান্য	মোট	মোট প্রাক্কলিত ব্যয়ের (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
<b>(খ) মূলধন:</b>										
<b>৬৮০০ সম্পদ সংগ্রহ/ক্রয়ঃ</b>										
	৬৮০১	লিফট (১৫ জন ক্যাপাসিটি)	সংখ্যা	৫০.০০	২	১০০.০০			১০০.০০	২.১৯
	৬৮০৭	যানবাহন ক্রয় (১ টি মাইক্রোবাস)	সংখ্যা	৪০.০০	১	৪০.০০			৪০.০০	০.৮৭
	৬৮১৩	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (ডিপিপি'র পৃ: ৪৪-৪৯)	সংখ্যা		২১৩৮	১৬৬২.৩০			১৬৬২.৩০	৩৬.৩৩
	৬৮১৫	কম্পিউটার, ল্যাপটপ ও আনুষঙ্গিক (কম্পিউটার-৪৬ ও ল্যাপটপ-১২ টি) (ডিপিপি'র পৃ:-৪৩)	সংখ্যা		৫৮	৬২.৪০			৬২.৪০	১.৩৬
	৬৮১৯	অফিস সরঞ্জামাদি (ডিপিপি'র পৃ: ৪৩)	টি/সংখ্যা		৬১	৩০.৬০			৩০.৬০	০.৬৭
	৬৮২১	আসবাবপত্র (ডিপিপি'র পৃ: ৪০-৪২)	টি/সংখ্যা		২২৪৫	২০১.১৩			২০১.১৩	৪.৪০
	৬৮৪৫	বনায়ন	থোক			৫.০০			৫.০০	০.১১
মোট সম্পদ সংগ্রহ/ক্রয় =						২১০১.৪৩			২১০১.৪৩	৪৫.৯৩
<b>৭০০০ পূর্ত নির্মাণ কাজঃ</b>										
	৭০০৬	অফিস ভবন (অফিস কাম একাডেমিক বিল্ডিং, ৬ তলা ভিত ৬ তলাবিশিষ্ট)	বর্গমিটার	০.২৭	৪৬২১.৫	১২২৮.৪১			১২২৮.৪১	২৬.৮৫
	৭০১১	আবাসিক ভবন (ফিমেল হোস্টেল, ৩ তলা ভিত ৩ তলাবিশিষ্ট, ৬৮ জন ক্যাপাসিটি)	বর্গমিটার	০.২৫	১০৯৪.০৫	২৭০.৮১			২৭০.৮১	৫.৯২
	৭০১৬	অন্যান্য ভবন ও অবকাঠামোঃ								
		(ক) মাল্টিপারপাস হল এবং অডিটোরিয়াম	বর্গমিটার	০.৩২	১৭৬৯	৫৭১.২০			৫৭১.২০	১২.৪৯
		(খ) আরসিসি বাউন্ডারি ওয়াল	রানিং মিটার	০.০৮	২০০	১৫.৪৩			১৫.৪৩	০.৩৪
		(গ) এমএস গেট	বর্গমিটার	০.৭৬	৩৯	২৯.৬০			২৯.৬০	০.৬৫
		(ঘ) আরসিসি অভ্যন্তরীণ সড়ক	বর্গমিটার	০.০০৩	১১৭৫	৩.৬৩			৩.৬৩	০.০৮
		(ঙ) রিটেইনিং ওয়াল অন পন্ড সাইড	রানিং ফিট	০.১০	১০৪	১০.৪০			১০.৪০	০.২৩
		(চ) আর্থ ফাইলিং অন পন্ড সাইট এন্ড ক্যাম্পাস ফ্রন্ট সাইড	ঘনমিটার	০.০০২	২৫০০	৫.৪৩			৫.৪৩	০.১২
		(ছ) আরসিসি ডেইন	থোক			১০.০০			১০.০০	০.২২
		(জ) ওভারহেড ইলেক্ট্রিক লাইন	থোক			৭.৫০			৭.৫০	০.১৬
		(ঝ) ক্যাম্পাস লাইটিং	থোক			১০.০০			১০.০০	০.২২
		(ঞ) পাম্প ও বোরিং	থোক			৭.৫০			৭.৫০	০.১৬
		(ট) পানি সরবরাহ পাইপ লাইন	থোক			৫.০০			৫.০০	০.১১
		(ঠ) পুরাতন একাডেমিক ভবন ও গ্যারেজ (অব্যবহৃত ও ঝুঁকিপূর্ণ) অপসারণ	থোক			২.০০			২.০০	০.০৪
		(ড) কাঠের মঞ্চ (মাল্টিপারপাস হল এবং অডিটোরিয়াম)	সংখ্যা	৬.০০	২	১২.০০			১২.০০	০.২৬
মোট অন্যান্য ভবন ও অবকাঠামো (ক-ড) =						৬৮৯.৬৯			৬৮৯.৬৯	১৫.০৮
	৭০৫৬	বৈদ্যুতিক লাইন স্থানান্তর	থোক			২.০০			২.০০	০.০৪
মোট পূর্ত নির্মাণ =						২১৯০.৯১			২১৯০.৯১	৪৭.৮৯
উপমোট-খ (মূলধন) =						৪২৯২.৩৪			৪২৯২.৩৪	৯৩.৮২
মোট (ক)+(খ) =						৪৪৮৭.৩৪			৪৪৮৭.৩৪	৯৮.০৮
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি						৪২.৯২			৪২.৯২	০.৯৪
(ঘ) প্রাইস কনটিনজেন্সি						৪৪.৭৪			৪৪.৭৪	০.৯৮
সর্বমোট (ক+খ+গ+ঘ)						৪৫৭৫.০০			৪৫৭৫.০০	১০০.০০